

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১১.২০২৩-১৬৬

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩-এর ৩য় ফ্রন্ডের (ঢাকা ও চট্টগ্রাম বিভাগ) আওতাধীন জেলাসমূহের লিখিত পরীক্ষা আগামী ২৯ মার্চ ২০২৪ তারিখ রোজ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত জেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ কার্যক্রম নিয়োগ বিধি বিধান অনুসরণপূর্বক সম্পূর্ণ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে সম্পন্ন করা হয়। প্রার্থীদের রোল নম্বর, আসন বিন্যাস, প্রশ্নপত্র প্রেরণ ও মুদ্রণ, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল প্রস্তুতসহ যাবতীয় কাজ সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে করা হয়। এ ছাড়া জেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তায় পরীক্ষা কেন্দ্রের নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে এবং গোয়েন্দা তৎপরতা জোরদার করা হয়েছে। এক্ষেত্রে কোন ধরনের অবৈধ হস্তক্ষেপের সুযোগ নেই। এমতাবস্থায়, দালাল বা প্রতারক চক্রের প্রলোভনে প্রলুব্ধ হয়ে কোন প্রকার অর্থ লেনদেন না করা এবং ডিজিটাল পদ্ধতিতে কোন প্রকার অসদুপায় অবলম্বনের জন্য কোন দালালচক্রের সঙ্গে সম্পৃক্ত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করাসহ অনুরোধ করা হলো। **এছাড়াও ইলেকট্রনিক ডিভাইসের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে অসদুপায় রোধে আইআইসিটি, বুয়েট এর সহযোগিতায় উদ্ভাবিত যন্ত্র "সুরক্ষা" পরীক্ষা কেন্দ্রে ব্যবহার করে ডিভাইস সনাক্তকরণ করা হবে। ডিভাইসসহ কেউ ধরা পড়লে তাকে আইন শৃঙ্খলায় নিয়োজিত বাহিনীর নিকট সোপর্দ করা হবে।** অর্থ লেনদেন বা অন্য কোন অনৈতিক উপায়ে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ পাবার কোন প্রকার সুযোগ নেই। সম্পূর্ণ মেধা ও যোগ্যতার ভিত্তিতে চাকরি হবে। কেউ অর্থের বিনিময়ে চাকরি দেয়ার প্রলোভন দেখালে তাকে নিকটস্থ থানায় সোপর্দ করা অথবা থানা বা গোয়েন্দা সংস্থাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

(শাহ রেজওয়ান হায়াত)

মহাপরিচালক (গ্রেড-১)

টেলিফোন: ০২ ৫৫০৭৪৭৭৭

ইমেইল-dgprimarybd@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ৫। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ৬। পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা(সতর্কীকরণ বিজ্ঞপ্তিটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। জেলা প্রশাসক (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা), ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ৮। পুলিশ সুপার (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা), ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ৯। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ১১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা), ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সতর্কীকরণ বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো)